# আত্মনেপদ বিধান

সংস্কৃত ভাষার ধাতুগুলির মধ্যে কতকগুলি কেবল পরস্মৈপদী, কতকগুলি কেবল আত্মনেপদী, আবার কতকগুলি (আত্মনে— ও পরস্মৈ—) উভয়পদী। পাণিনি **ধাতুপাঠে** (List of Verbs) বিশেষ বিশেষ 'ইৎ' (সংকেতসূচক বর্ণ) যুক্ত করিয়া কোন্ ধাতু কোন্ পদী তাহা সাধারণভাবে নির্দেশ করিয়াছেন। আবার কতকগুলি সূত্রে বিহিত, নিয়মানুসারে উল্লিখিত ধাতুগুলি কেবল আত্মনেপদে বা কেবল পরস্মৈপদে ব্যবহৃত হইবে—এরূপ ব্যবস্থাও করিয়াছেন। এই **'পদবিশেষে' নির্দিষ্ট ধাতুগুলির ব্যবহারের কারণগুলি** দেখা যায়, তাহারা প্রধানতঃ এই কয়টি শ্রেণীর অন্তর্ভুক্ত—

(১) **নির্দিষ্ট উপসর্গযোগে**—নিবিশতে যদি শূকশিখা পদে (**নের্বিশঃ**) **বিজয়তে** মহারাজঃ শূদ্রকঃ (**বি-পরাভ্যাং জেঃ**)।

(২) **নির্দিষ্ট অর্থ বিশেষে** (সোপসর্গ বা নিরুপসর্গ)—

বালকঃ **সংক্রীড়তে** (**সমোঽকূজনে**)

গোপী কৃষ্ণায় শপতে (**শপ উপালম্ভে**)।

(৩) **সকর্মক হইলে**—দুর্জনঃ ধর্মম্ **উচ্চরতে** (**উদশ্চরঃ সকর্মকাৎ**)।

(৪) **স্বাঙ্গকর্মক হইলে**—সা পাণি**মুত্তপতে বিতপতে** বা

(**উদ্‌বিভ্যাং তপঃ ; স্বাঙ্গকর্মকাচ্চেতি বক্তব্যম্**)।

(৫) **অন্য কোনও নির্দিষ্ট রকমের কর্ম বা কর্তা** হইলে—নিষাদী করেণুম্ আরোহতি— করেণুঃ নিষাদিনম্ আরোহয়তে

(**ণেরণৌ যৎ কর্ম ণৌ চেৎ স কর্তাঽনাধ্যানে**)।

(৬) **অকর্মক হইলে**—(**'অপহ্নবে) জ্ঞঃ'**

সর্পিষো জানীতে— **'অকর্মকাচ্চ'**))।

কঠঃ কলাপস্য অনুবদতে (**অনোরকর্মকাৎ**)।

(৭) **ধাতু ণিজন্ত বা সনন্ত হইলে**—সাধুঃ জটাভিঃ লাপায়তে (**লিয়ঃ সংমানন-শালীনীকরণয়োশ্চ**), ধর্মং জিজ্ঞাসতে (**জ্ঞাশ্রুস্মৃদৃশাং সনঃ**)।

Scanned by CamScanner

১। ***অনুদাত্ত-ঙিত আত্মনেপদম্***—(১।৩।১২)—যে সকল ধাতু ধাতুপাঠে অনুদাত্ত স্বরযুক্ত অথবা ঙ্ ইৎ যুক্ত, তাহাদের উত্তর আত্মনেপদ হয়। যথা, আস—আস্তে ; বস্—বস্তে ; সূঙ্—সূতে ; শীঙ্—শেতে। **ক্যঙ্**—পুত্রায়তে, দুঃখায়তে। **যঙ্**—অটাট্যতে, জঙ্গম্যতে, দরীদৃশ্যতে।

(ক) ***ভাবকর্মণোঃ*** (১।৩।১৩)—ভাববাচ্যে ও কর্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ময়া স্থীয়তে, তেন আস্যতে ; শিশুনা চন্দ্রো দৃশ্যতে, ভৃত্যেন কার্যং ক্রিয়তে।

২। ***স্বরিত-ঞিতঃ কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে*** (১।৩।৭২)—কর্তা যদি ক্রিয়াফলভাগী হয় তাহা হইলে যে সকল ধাতুর স্বরিত স্বর বা ঞ্ ইৎ যায়, তাহাদের উত্তর আত্মনেপদ হয়। **উভয়পদী ধাতুর উত্তর আত্মার্থে আত্মনেপদ** এবং **পরার্থে পরস্মৈপদ হয়।** যথা,—ব্রাহ্মণঃ (নৃপার্থং) যজতি, ব্রাহ্মণঃ (আত্মার্থং) যজতে ; অহং (তুভ্যং) পূজাং করিষ্যামি, অহং (মদর্থং) পূজাং করিষ্যে। কথং তর্হি পরার্থে বিক্রীণীতে প্রযুঙ্ক্তে ইত্যাদি? বিশেষ-বিধানাৎ।

(ক) ***ণিচশ্চ*** (১।৩।৭৪)—ণিজন্ত-ধাতুর উত্তর কর্তার আত্মার্থে আত্মনেপদ হয়। যথা, আত্মার্থে—পায়য়তে, কারয়তে, অভিবাদয়তে ; পরার্থে—পায়য়তি, কারয়তি, অভিবাদয়তি।

(খ) ***বিভাষোপপদেন প্রতীয়মানে*** (১।৩।৭৭)—সমীপস্থিত পদের দ্বারা কর্তার ফলভাগিত্ব প্রতীয়মান হইলে ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা,—ব্রাহ্মণঃ স্বং যজ্ঞং যজতে যজতি বা ; ভৃত্যঃ স্বং কটং কুরুতে করোতি বা।

৩। ***কর্তরি কর্মব্যতিহারে*** (১।৩।১৪)—**অত্র কর্মশব্দঃ ক্রিয়াবচনঃ।** ব্যতিহারঃ—পরস্পরস্য একজাতীয়-ক্রিয়াবিনিময়ঃ। এই সূত্রে কর্মব্যতিহার কথাটির আদিস্থিত **'কর্ম' শব্দের অর্থ ক্রিয়া (কর্মকারক নহে)।** পরস্পর **ক্রিয়া-বিনিময় বুঝাইলে** ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—কৃষকা ভারং ব্যতিবহন্তে ; চৌরা ধান্যং ব্যতিহরন্তে ; চন্দ্রঃ সূর্যং ব্যতিভবতে (সূর্যো যথা চন্দ্রে অস্তং গতে উদেতি, চন্দ্রোঽপি তথৈব সূর্যে অস্তংগতে উদেতি) অন্যো ব্যতিস্তে তু মমাপি ধর্মঃ (শ্নসোরল্লোপ ইতি অকারলোপঃ) ; ব্যতিজিগ্যে

Scanned by CamScanner

সমুদ্রোঽপি ন ধৈর্যং তস্য গচ্ছতঃ (ভট্টিঃ)। 'ব্যতি' পূর্বে না থাকিলেও ব্যতিহার অর্থে আত্মনেপদ হয়। যথা,—রাজানঃ সংপ্রহরন্তে ; প্রিয়ামুখং কিম্পুরুষশ্চুচুম্বে। ক্রিয়াবিনিময় না থাকিলে আত্মনেপদ হয় না।

(ক) *ন গতি-হিংসার্থকেভ্যঃ* (১।৩।১৫)—ক্রিয়াবিনিময় অর্থে গমনার্থক ও হিংসার্থক ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয় না। যথা, ব্যতিসর্পন্তি, ব্যতিগচ্ছন্তি, ব্যতিহিংসন্তি, ব্যতিঘ্নন্তি। *হসাদীনাঞ্চ*— হস্ প্রভৃতি ধাতুর ক্রিয়াবিনিময় অর্থে আত্মনেপদ হয় না। যথা, ব্যতিহসন্তি, ব্যতিজল্পন্তি।

*হরতেরপ্রতিষেধঃ* (বা)—উপসর্গযোগে হৃ-ধাতু হিংসার্থক হইলেও ক্রিয়াবিনিময় অর্থে ইহার আত্মনেপদ হয়। যথা, রাজানঃ সম্প্রহরন্তে। ইতরেতর প্রভৃতির যোগে পরবর্তী সূত্রে নিষেধবশতঃ পরস্মৈপদ হয়। যথা,— রাজানঃ ইতরেতরং পরস্পরং বা সম্প্রহরন্তি।

(খ) *ইতরেতরান্যোঽন্যোপপদাচ্চ* (১।৩।১৬)— ইতরেতর, অন্যোঽন্য এবং (চকারবশতঃ) পরস্পর শব্দের যোগে ক্রিয়াবিনিময় অর্থে আত্মনেপদ হয় না। যথা,—ইতরেতরস্য ধান্যং ব্যতিলুনন্তি ; অন্যোঽন্যস্য জলং ব্যতিপিবন্তি ; পরস্পরস্য কার্যং ব্যতিকুর্বন্তি। **বিনিময়**-শব্দস্যাপি অন্যোঽন্যার্থত্বাৎ তদ্‌যোগেঽপি পরস্মৈপদমেব। যথা,—সম্পদ্-বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়ম্ (রঘুঃ)। অথবা ইহ ক্রিয়াবিনিময় এব নাস্তি।

৪। *নের্বিশঃ* (১।৩।১৭)—নি-পূর্বক বিশ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—রাজা নগরীং নিবিশতে ; ন্যবিক্ষত মহাগ্রাহসঙ্কুলং মকরালয়ম্ (ভট্টিঃ) ; নিবিশতে যদি শূকশিখা পদে (নৈষধম্) ; সাধুঃ সন্মার্গম্ অভিনিবিশতে (অভি-নি-পূর্বক বিশ্-ধাতুর যোগেও আত্মনেপদ)। নি উপসর্গ না হইলে হয় না। যথা,—ভ্রমরাঃ মধুনি বিশন্তি।

৫। *পরি-ব্যবেভ্যঃ ক্রিয়ঃ* (১।৩।১৮)—পরি, বি ও অব-পূর্বক ক্রী-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—স শতেন গৃহং পরিক্রীণীতে (hires) ; বণিক্ বস্ত্রং বিক্রীণীতে বা অবক্রীণীতে।

৬। *বি-পরাভ্যাং জেঃ* (১।৩।১৯)—বি ও পরা-পূর্বক জি-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—বিজয়তে মহারাজঃ শূদ্রকঃ। রাজন্ বিজয়স্ব। বিষ্ণুঃ দৈত্যকুলং বিজিগ্যে। শিষ্যঃ পাঠাৎ পরাজয়তে।

Scanned by CamScanner

৭। *আঙো দোহনাস্যবিহরণে* (১।৩।২০)—আস্যগ্রহণম্ অবিবক্ষিতম্। স্বাঙ্গবিস্তার ভিন্ন স্থলে আঙ্ পূর্বক দা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ছাত্রো বিদ্যামাদত্তে ; হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রা বর্জয়ত্যপঃ ; ততোঽসৌ বচ আদদে ; তে বালকস্য মুখং ব্যাদদতে। স্বাঙ্গ বিস্তারে হয় না। যথা, মুখং ব্যাদেহি রে সিংহ দন্তান্ তে গণয়িষ্যামি ; বিপাদিকাং (পাদস্ফোটং) ব্যাদদাতি ; নদী কূলং ব্যাদদাতি।

৮। *ক্রীড়োঽনু-সং-পরিভ্যশ্চ* (১।৩।২১)—অনু, সম্, পরি ও আঙ্-পূর্বক ক্রীড় ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—বালকাঃ প্রান্তরে অনুক্রীড়ন্তে, সংক্রীড়ন্তে, পরিক্রীড়ন্তে, আক্রীড়ন্তে বা—Boys play. সম্ প্রভৃতি উপসর্গের সাহচর্যে এই সূত্রে 'অনু' উপসর্গের যোগেই আত্মনেপদ হয়, কর্মপ্রবচনীয় 'অনু' শব্দের যোগে হয় না। যথা, স মাণবকম্ অনু ক্রীড়তি—মাণবকেন সহ ক্রীড়তি ইত্যর্থঃ।

(ক) *সমোঽকূজনে* (বা)—**কূজন-ভিন্ন অর্থে** সম্-পূর্বক ক্রীড়্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকঃ **সংক্রীড়তে**—The boy plays. কূজন অর্থে হয় না। যথা, পক্ষী সংক্রীড়তি—The bird chirps. চক্রং সংক্রীড়তি—The wheel creeks.

(খ) *আ গমেঃ ক্ষমায়াম্* (বা)—'প্রতীক্ষা করা' অর্থে আঙ্-পূর্বক ণিজন্ত গম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ত্বং তাবৎ ইহ **আগময়স্ব—প্রতীক্ষস্ব** ইত্যর্থঃ।

(গ) *শিক্ষের্জিজ্ঞাসায়াম্* (বা)—'জানিতে ইচ্ছা করা' অর্থে শিক্ষ্ (শক্ + সন্) ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকঃ কলাসু **শিক্ষতে**—কলাবিষয়ে শক্তো ভবিতুমিচ্ছতীত্যর্থঃ।

(ঘ) *আশিষি নাথঃ* (বা)—আশিষ্যেব ইতি নিয়মার্থং বার্ত্তিকমিদম্। 'আশা করা' অর্থেই নাথ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স সর্পিষো **নাথতে**—'সর্পিঃ মে ভূয়াৎ' ইতি আশাস্তে ইত্যর্থঃ ; মুনিঃ মোক্ষায় নাথতে। কথং তর্হি 'নাথসে (যাচসে) কিমু পতিং ন ভূভৃতাম্' ইতি? অত্র 'নাধসে' ইতি পাঠ্যম্, অন্যথা নাথসীতি পরস্মৈপদমেব।

(ঙ) *হরতে র্গতি-তাচ্ছীল্যে* (বা)—গতং প্রকারঃ। 'সাদৃশ্য অনুশীলন করা' অর্থে হৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, অশ্বাঃ পৈতৃকম্

Scanned by CamScanner

**অনুহরন্তে**—পিতৃপ্রকারম্ সততম্ অনুশীলয়ন্তি ইত্যর্থঃ ; গাবঃ মাতৃকম্ **অনুহরন্তে** ; সরঃ সমুদ্রম্ অনুহরতে। ইহ তু ন—পুত্রঃ রূপেণ পিতরম্ অনুহরতি।

(চ) ***কিরতের্হর্ষ-জীবিকা-কুলায়করণেষু*** (বা)—হর্ষ প্রকাশ, আহার অন্বেষণ অথবা বাস-গ্রহণের ইচ্ছা বুঝাইলে কৄ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, হর্ষ প্রকাশ—অপস্কিরতে(১) বৃষভো হৃষ্টঃ। আহারান্বেষণ—কুক্কুটঃ অপস্কিরতে ; বাসগ্রহণেচ্ছা—সারমেয়ঃ অপস্কিরতে (scratches the earth)। '*অপাচ্চতুষ্পাৎ*'—সূত্রে সুট্ না হইলে আত্মনেপদ হয় না। যথা, গজঃ অপকিরতি। হর্ষাদিম্বিতি কিম্? মল্লঃ অপকিরতি—ধূল্যর্থং ভূমিমালিখতি ইত্যর্থঃ।

(ছ) ***আঙি নু-প্রচ্ছ্যোঃ*** (বা)—আঙ্-পূর্বক নু এবং প্রচ্ছ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, শৃগালঃ আনুতে—শব্দায়তে ইত্যর্থঃ। বৃদ্ধঃ বান্ধবান্ আপৃচ্ছতে (bids adieu to) আপৃচ্ছস্ব প্রিয়সখমমুং তুঙ্গমালিঙ্গ্য শৈলম্ (মেঘদূত)।

(জ) ***শপ উপালম্ভে*** (বা)—'শপথ করা' অর্থে শপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—গোপী কৃষ্ণায় শপতে ; স্বামিনে শপতে ভৃত্যঃ। কথং তর্হি—'সখ্য শপামি যদি কিঞ্চিদপি স্মরামি' ইতি? অত্র 'স্বাশয়ং প্রকাশয়ামি' ইত্যর্থো বিবক্ষিতঃ, ন তু শপথঃ ইতি ন আত্মনেপদম্ (তত্ত্ববোধিনী)। অন্যে তু পুত্রাদি-শরীর-স্পর্শাদিনা মিথ্যানিরসনরূপম্ ইহ শপথমিচ্ছন্তি। শরীর স্পর্শনাভাবে তু ন আত্মনেপদবিষয় ইত্যাহুঃ। (এই স্থলে নিজের অভিপ্রায় প্রকাশ করায় এইরূপ অর্থই বিবক্ষিত, শপথ নয়। এই অভিমত তত্ত্ববোধিনীর। অন্যান্যরা পুত্রাদির শরীর স্পর্শ করিয়া মিথ্যানিরসনকে শপথ বলিয়া থাকেন। এখানে শরীরস্পর্শাদির অভাব। তাই আত্মনেপদ হয় নাই।)

৯। ***সমব-প্র-বিভ্যঃ স্থঃ*** (১।৩।২২)—সম্, অব, প্র ও বি-পূর্বক স্থা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, ধূর্তস্য বাক্যে ন কোঽপি সন্তিষ্ঠতে ; দারিদ্র্যাৎ পুরুষস্য বান্ধবজনো **বাক্যে ন সন্তিষ্ঠতে,** অলসা এব **গৃহে অবতিষ্ঠন্তে** ; **ক্ষণং ভদ্রাবতিষ্ঠস্ব** ততঃ **প্রস্থাস্যসে** পুনঃ ; প্রীতঃ **প্রতস্থে মুনিরাশ্রমায়** ; শিষ্যা **গুরুবাক্যে বিতিষ্ঠন্তে।**

---

(১) **অপাচ্চতুষ্পাচ্ছকুনিষ্বালেখনে** (৬।১।১৪২)—পক্ষী অথবা চতুষ্পদ জন্তু কর্তা হইলে হর্ষ প্রকাশ, বাস গ্রহণ ও আহারান্বেষণ বুঝাইতে অপ-পূর্বক কৄ ধাতুর প্রয়োগে ধাতুর আদিতে সুট্ হয়। সুট্ এর স্ থাকে। অপ + কৄ + তে = **অপস্কিরতে।**

Scanned by CamScanner

(ক) ***আঙঃ প্রতিজ্ঞায়ামুপসংখ্যানম্*** (বা)—'প্রতিজ্ঞা' অর্থাৎ দৃঢ়ভাবে 'অঙ্গীকার করা' অর্থে আঙ্-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, কেচিৎ শব্দং নিত্যম্ আতিষ্ঠন্তে—নিত্যত্বেন প্রতিজানতে ইত্যর্থঃ।

১০। ***প্রকাশন-স্থেয়াখ্যয়োশ্চ*** (১।৩।২৩)—প্রকাশনং জ্ঞাপনম্। স্থেয়ো বিবাদ-পদ-নির্ণেতা[১]। 'মনের ভাব প্রকাশ করা' এবং 'বিবাদ বিষয়ে মধ্যস্থ-রূপে গ্রহণ করা' অর্থে স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গোপী কৃষ্ণায় তিষ্ঠতে—আশয়ং প্রকাশয়তীত্যর্থঃ, সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে যঃ—কর্ণাদীন্ নির্ণেতৃরূপেণ আশ্রয়তীত্যর্থঃ। প্রজাঃ নৃপতৌ তিষ্ঠন্তে—তং বিবাদনির্ণায়কত্বেন আশ্রয়ন্তীত্যর্থঃ।

১১। ***উদোঽনূর্ধ্বকর্মণি*** (১।৩।২৪)—উর্ধ্বচেষ্টা ভিন্ন অর্থে উৎপূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—সাধুঃ মুক্তৌ উত্তিষ্ঠতে (মুক্তিবিষয়ে চেষ্টতে ইত্যর্থঃ) ; জনঃ স্বার্থেষু উত্তিষ্ঠতে ; 'উত্তিষ্ঠমানস্তু পরো নোপেক্ষ্যঃ পথ্যমিচ্ছতা' উত্থান (ঊর্ধ্বচেষ্টা) অর্থে হয় না। যথা,—জবেন পীঠাদুদতিষ্ঠদ্ অচ্যুতঃ। **ঈহায়ামেব**—ইচ্ছাপূর্বিকা চেষ্টা ঈক্ষা। ইচ্ছাপূর্বক চেষ্টা বুঝাইতেই আত্মনেপদ হয়, **অন্যত্র হয় না।** যথা,—**গ্রামাৎ শতম্ উত্তিষ্ঠতি ;** 'যদুত্তিষ্ঠতি বর্ণেভ্যো নৃপাণাং ক্ষয়ি তদ্ধনম্'।

১২। ***উপান্মন্ত্রকরণে*** (১।৩।২৫)—'মন্ত্রদ্বারা স্তুতি করা' অর্থে উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গায়ত্র্যা সূর্যমুপতিষ্ঠতে ; দ্বিজা মন্ত্রৈঃ সবিতারং সন্ধ্যাত্রয়ম্ উপতিষ্ঠন্তে। 'মন্ত্র-দ্বারা—স্তুতি করা' না বুঝাইলে আত্মনেপদ হয় না। যথা, নারী ভর্তারম্ উপতিষ্ঠতি যৌবনেন।

(ক) ***উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষু*** (বা)—দেবপূজা, মিলন ও বন্ধুত্ব করা অর্থে এবং পথ কর্তা হইলে উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বৈষ্ণবো বিষ্ণুম্ উপতিষ্ঠতে—পূজয়তীত্যর্থঃ[২]।

---

(১) তিষ্ঠন্তে অস্মিন্ বিবাদপদনির্ণয়ার্থমিতি স্থেয়ঃ। বাহুলকাৎ অধিকরণে 'অচো যৎ' 'স্থেয়ো বিবাদস্থানস্য নির্ণেতরি পুরোহিতে' ইতি মেদিনী।

(২) কথং তর্হি—'পুত্রঃ পিতরমুপতিষ্ঠতে' ইতি, **'স্তুত্যং স্তুতিভিরর্থ্যাভিরুপতস্থে সরস্বতী'** ইতি চ। পিতরি **নৃপে চ দেবতাত্বারোপাৎ,** নৃপস্য দেবতাংশত্বাৎ চ। পিতা রাজাতে দেবতাত্ব আরোপিত। আর রাজা তো দেবতাদের অংশ দ্বারাই নির্মিত। সুতরাং উপস্থা দেবপূজা অর্থে আত্মনেপদী যথার্থ।

Scanned by CamScanner

মিলন—গঙ্গা যমুনাম্ উপতিষ্ঠতে। মিত্রকরণ—সাধুঃ সাধূন্ উপতিষ্ঠতে (makes friends with) ; পথ কর্তা—অয়ং পন্থাঃ বারাণসীম্ উপতিষ্ঠতে।

(খ) ***বা লিপ্সায়াম্*** (বা)—লাভের ইচ্ছা বুঝাইলে উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ভিক্ষুকঃ ধনিনম্ উপতিষ্ঠতি উপতিষ্ঠতে বা (approaches for the purpose of getting something)।

(গ) ***অকর্মকাচ্চ*** (১।৩।২৬)—অকর্মক উপ-পূর্বক স্থা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, একঃ শ্বা প্রত্যহং ভোজনকালে উপতিষ্ঠতে ; প্রস্থানসময়ে উপতিষ্ঠতে।

**১৩। *উদ্বিভ্যাং তপঃ*** (১।৩।২৭)—উৎ ও বি-পূর্বক অকর্মক তপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রবিঃ উত্তপতে, বিতপতে বা—দীপ্যতে ইত্যর্থঃ।

***স্বাঙ্গকর্মকাচ্চেতি বক্তব্যম্*** (বা)—স্বমঙ্গমিহ স্বাঙ্গম্, ন তু অদ্রবম্ ইতি পরিভাষিতম্। নিজের অঙ্গ কর্ম হইলেই উৎ এবং বি-পূর্বক তপ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স স্বপৃষ্ঠম্ উত্তপতে (বিতপতে বা) ; সা পাণিম্ উত্তপতে, বিতপতে বা—উত্তপ্তং করোতীত্যর্থঃ। পরের অঙ্গ কর্ম হইলে হয় না। যথা, চৈত্রো মৈত্রস্য পাণিমুত্তপতি। সূর্যঃ পৃথিবীম্ উত্তপতি ; স সুবর্ণং বিতপতি।

**১৪। *আঙো যমহনঃ*** (১।৩।২৮)—অকর্মক বা স্বাঙ্গকর্মক হইলে আঙ্-পূর্বক যম্ ও হন্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রজ্জুঃ আযচ্ছতে—দীর্ঘীভবতীত্যর্থঃ। শিরঃ আহতে—পীড়িতং বর্ততে ইত্যর্থঃ। বালকঃ পাণিম্ আযচ্ছতে (দীর্ঘীকরোতীত্যর্থঃ) ; বৃদ্ধঃ স্বমস্তকম্ আহতে ; সা স্বং বক্ষ আহতে (পীড়য়তীত্যর্থঃ)। পরের অঙ্গ কর্ম হইলে আত্মনেপদ হয় না। যথা,—স কূপাৎ রজ্জুম্ আযচ্ছতি (lengthens) ; বালকঃ শ্বানম্ আহন্তি[১]।

---

(১) কথং তর্হি—ভুজাভ্যামজঘ্নে বিষমবিলোচনস্য বক্ষঃ ইতি ভারবিঃ। **আহধ্বং মা রঘূত্তমম্** ইতি ভট্টিশ্চ? উচ্যতে—প্রমাদ এবায়মিতি ভাগবৃত্তিঃ। **'প্রাপ্য' ইতি অধ্যাহারো** বা; ল্যব্লোপে পঞ্চমীতি তু ল্যপ্প্রত্যয়ং বিনৈব যত্র অর্থ্যাবগতিস্তত্রৈব স্যাৎ। **ভেত্তুম্ ইতি অধ্যাহারো** বা। **'সমীপমেত্য' ইতি বা অত্র অধ্যাহারঃ**। বিষমবিলোচনস্য সমীপম্ এত্য বক্ষঃ (স্বং বক্ষঃ) আজঘ্নে (মল্লবৎ আস্ফালয়াঞ্চকার), তেন স্বাঙ্গকর্মত্বাৎ আত্মনেপদম্।

Scanned by CamScanner

১৫। *সমো গম্যৃচ্ছিভ্যাম্* (১।৩।২৯)—অকর্মক হইলে সম্-পূর্বক গম্ ও ঋচ্ছ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—ইয়ং ব্যাখ্যা অত্র সঙ্গচ্ছতে ; পুত্রঃ পিত্রা সঙ্গচ্ছতে (unites) ; গঙ্গা যমুনয়া সঙ্গচ্ছতে (unites) ; সাধূনাং সম্পদঃ সমৃচ্ছন্তে (increase)। সকর্মক হইলে আত্মনেপদ হয় না। যথা,—গঙ্গা যমুনাং সঙ্গচ্ছতি। **তচ্চৈক্যং সমগচ্ছত** (চণ্ডী) ইত্যত্র তু একং জাতম্ ইত্যর্থতয়া অকর্মকত্বমেব। একমেব ঐক্যম্ (স্বার্থে ষ্যঞ্)।

(ক) *বিদি-প্রচ্ছি-স্বরতীনামুপসংখ্যানম্* (বা)—অকর্মক হইলে সম্-পূর্বক বিদ্ (অদাদি), প্রচ্ছ্ ও স্বর্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ধার্মিকঃ সংবিত্তে সংপৃচ্ছতে সংস্বরতে বা। কর্মবিবক্ষয়া অকর্মকত্বম্।

(খ) *অর্তি-শ্রু-দৃশিভ্যশ্চ* (বা)—অকর্মক হইলে সম্-পূর্বক ঋ, শ্রু ও দৃশ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—হিতান্ন যঃ সংশৃণুতে স কিংপ্রভুঃ ; সংশৃণুষ্ব মহাকপে ; স স্বজনৈঃ সংপশ্যতে। সকর্মক হইলে আত্মনেপদ হয় না। যথা,—সুধীঃ সুহৃদ্বাক্যং সংশৃণোতি। 'রক্ষাংসীতি পুরাপি সংশৃণুমহে' ইতি মুরারিপ্রয়োগঃ প্রামাদিক এব। অথবা 'ইতি কথয়দ্ভ্যঃ' এবম্ অধ্যাহারঃ, তেন অকর্মকত্বম্।

সকর্মকাণামপি ধাতূনাং কর্মাবিবক্ষয়া অকর্মকত্বমেব। তথাচ—

**ধাতোরর্থান্তরে বৃত্তের্ধাত্বর্থত্বেনোপসংগ্রহাৎ।**
**প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্মণোঽকর্মিকা ক্রিয়া॥**

*(i)* ধাতুর প্রসিদ্ধ অর্থ না হইয়া অন্য অর্থ হইলে। যথা,—বহতি ভারম্ ; কিন্তু **'নদী বহতি'** (স্যন্দতে ইত্যর্থান্তরে বৃত্তিঃ)।

*(ii)* ধাতুর কর্মপদ ধাতুর অর্থের মধ্যে নিবিষ্ট হইলে। যথা, জীবতি (প্রাণান্ ধারয়তি), **নৃত্যতি** (গাত্রাণি বিক্ষিপতি), **তপস্যতি** (তপঃ চরতি) ইত্যাদৌ কর্মণঃ ধাত্বর্থে অন্তর্ভাবঃ)।

*(iii)* ধাতুর কর্ম প্রসিদ্ধ বিষয় হইলে। যথা, **মেঘো বর্ষতি** (অত্র প্রসিদ্ধত্বাৎ জলমিতি কর্মণঃ পৃথগুক্তিঃ বৃথৈব); কিং তয়া ক্রিয়তে ধেন্বা **যা ন সূতে** [ প্রসিদ্ধ বলিয়া কর্ম (বৎসং বা বৎসাং) পৃথক্ বলা হয় নাই। ]

এবং *(iv)* কর্মের বিবক্ষা না থাকিলে সকর্মক ধাতুও অকর্মক হয়। যথা, হিতাৎ ন যঃ **সংশৃণুতে** স কিংপ্রভুঃ (অত্র কর্মণঃ উক্তির্ন বিবক্ষিতা)।

Scanned by CamScanner

(গ) *উপসর্গাদস্যাত্যূহ্যোর্বেতি বাচ্যম্* (বা)—অকর্মকাদিতি নিবৃত্তম্। উপসর্গ পূর্বে থাকিলে অস্ (দিবাদি) ও ঊহ্-ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ব্রহ্মজ্ঞানং বন্ধং নিরস্যতি নিরস্যতে বা ; যশাংসি সর্বেষু ভূতাং নিরাস্থং নিরস্থিত বা ; সোঽত্র বিপদং সমূহতি সমূহতে বা।

১৬। *নি-সমুপ-বিভ্যো হ্বঃ* (১।৩।৩০)—নি, সম্, উপ এবং বি-পূর্বক হ্বে-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—ভক্তো ভগবন্তং নিহ্বয়তে, সংহ্বয়তে, উপহ্বয়তে, বিহ্বয়তে বা।

১৭। *স্পর্ধায়ামাঙঃ* (১।৩।৩১)—জয়ের ইচ্ছায় **স্পর্ধাপূর্বক** যুদ্ধের নিমিত্ত **'আহ্বান করা'** অর্থে আঙ্-পূর্বক **হ্বে**-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা—মল্লো মল্লম্ আহ্বয়তে ; কৃষ্ণঃ চাণূরম্ আহ্বয়তে ; রাবণো রামম্ আহ্বয়তে।

স্পর্ধা না বুঝাইলে আত্মনেপদ হয় না। যথা,—পিতা পুত্রম্ আহ্বয়তি।

১৮। *গন্ধনাবক্ষেপণ-সেবন-সাহসিক্য-প্রতিযত্ন-প্রকথনোপযোগেষু কৃঞঃ* (১।৩।৩২)—গন্ধন প্রভৃতি অর্থে কৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। গন্ধনং হিংসা। যথা,—ব্যাধো মৃগম্ **উৎকুরুতে (সূচয়তীত্যর্থঃ)**। অবক্ষেপণং ভর্ৎসনম্। যথা,—শ্যেনো বর্তিকা**মুদাকুরুতে**। সেবনং যথা,—ভক্তো **হরিম্ উপকুরুতে (সেবতে** ইত্যর্থঃ) সাহসিক্যম্ অবিমৃশ্যকারিতয়া প্রবৃত্তিঃ। যথা, মূঢ়ঃ **পরদারেষু প্রকুরুতে (তেন সহসা প্রবর্ততে** ইত্যর্থঃ)। প্রতিযত্নো যথা, এধঃ **দকস্য উপস্কুরুতে (গুণমাধত্তে** ইত্যর্থঃ)। প্রকথনং যথা, নটো **গাথাঃ প্রকুরুতে (প্রকথয়তীত্যর্থঃ)**। উপযোগো যথা, স ধর্মার্থং **শতং প্রকুরুতে (বিনিযুঙ্‌ক্তে** ইত্যর্থঃ)। এষু কিম্? কটং করোতি।

(ক) *অধেঃ প্রসহনে* (১।৩।৩৩)—প্রসহনং ক্ষমা অভিভবো বা। ক্ষমা করা বা পরাজিত করা অর্থে অধি-পূর্বক কৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, রাজা শত্রুম্ অধিকুরুতে (ক্ষমতে অভিভবতি বা)। ভবাদৃশা শ্চেদধিকুর্বতে রতিম্ (ভারবিঃ)।

(খ) *বেঃ শব্দ-কর্মণঃ* (১।৩।৩৪), *অকর্মকাচ্চ*, (১।৩।৩৫)—শব্দকর্মক বা অকর্মক হইলে বি-পূর্বক কৃ-ধাতুর উত্তর আত্মনেপদ হয়।

Scanned by CamScanner

যথা, ক্রোষ্টা স্বরান্ (শুভাশুভ-সূচকান্ বিবিধ-স্বরান্) বিকুরুতে—উচ্চারয়তীত্যর্থঃ। ছাত্রা **বিকুর্বতে (বহুধা চেষ্টন্তে** ইত্যর্থঃ)। বায়ুঃ **বিকুরুতে (বিশেষেণ বর্ততে)।**

**১৯। *সংমাননোৎসঞ্জনাচার্যকরণ-জ্ঞান-ভৃতি-বিগণন-ব্যয়েষু নিয়ঃ*** (১।৩।৩৬)—সংমানন প্রভৃতি অর্থে নী-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সংমাননম্—ভক্তো বিষ্ণুং নয়তে (পূজয়তি), গুরুঃ শিষ্যং শাস্ত্রে নয়তে (শাস্ত্রস্থং সিদ্ধান্তং শিষ্যায় প্রাপয়ন্ শিষ্য সংমাননং করোতীত্যর্থঃ)। উৎসঞ্জনম্ ঊর্ধ্বপ্রাপণম্। যথা, স বালকম্ উন্নয়তে (উৎক্ষিপতি। আচার্যকর্ম উপনয়নং যজ্ঞোপবীতদান-সংস্কারঃ। যথা, আচার্যঃ শিষ্যম্ উপনয়তে। **জ্ঞানে** যথা, শিষ্যঃ তত্ত্বং নয়তে (জ্ঞানবিষয়ীকরোতি, নিশ্চিনোতীত্যর্থঃ)। **ভৃতৌ** যথা, ধীরঃ ভৃত্যম্ উপনয়তে (ভৃতিদানেন সমীপস্থং করোতি, ভৃতিঃ কর্মবেতনম্। বিগণনম্ ঋণাদের্বিনয়নম্। যথা, করং বিনয়তে (রাজ্ঞে দেয়ং করং পরিশোধয়তীত্যর্থঃ)। **ব্যয়ে** যথা, ধর্মার্থং শতং বিনয়তে (বিনিযুঙ্‌ক্তে ইত্যর্থঃ)।

**২০। *কর্তৃস্থে চাশরীরে কর্মণি*** (১।৩।৩৭)—কর্ম কর্তার মধ্যে স্থিত এবং মূর্তিহীন হইলে বি-পূর্বক (মণ্ডূকপ্লুত্যা) নী-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, জ্ঞানী ক্রোধং বিনয়তে। বিনয়ন্তে স্ম তদ্‌যোধা মধুভির্বিজয়শ্রমম্ (রঘুঃ)। কর্তৃস্থে চাশরীরে কিম্? **কর্মণি অন্যস্থে শরীরিণি চ মা ভূৎ।** যথা, পিতা পুত্রস্য ক্রোধং বিনয়তি ; বিনিন্যুরেনং গুরবো গুরুপ্রিয়ম্। **বি-ভিন্ন উপসর্গ পরে থাকিলে হয় না।** যথা, ক্রোধং সমুন্নয়তি ; অপনয় মানিনি মানম্।

**২১। *বৃত্তি-সর্গ-তায়নেষু ক্রমঃ*** (১।৩।৩৮)—বৃত্তিঃ অপ্রতিবন্ধঃ সর্গ উৎসাহঃ। তায়নং বৃদ্ধিঃ। অপ্রতিবন্ধ, উৎসাহ এবং বৃদ্ধি অর্থে ক্রম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, শাস্ত্রেষু ক্রমতে বুদ্ধিঃ—**ন প্রতি-হন্যতে** ইত্যর্থঃ; বালকঃ অধ্যয়নায় ক্রমতে, যুদ্ধায় ভটঃ ক্রমতে—**উৎসহতে** ইত্যর্থঃ; সতাং শ্রীঃ ক্রমতে, প্রাজ্ঞে শাস্ত্রাণি ক্রমন্তে—**বর্ধন্তে** ইত্যর্থঃ।

**(ক) *উপ-পরাভ্যাম্*** (১।৩।৩৯)—অপ্রতিবন্ধ উৎসাহ ও বৃদ্ধি অর্থে উপ ও পরা-পূর্বক ক্রম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, অস্য বালকস্য বুদ্ধিঃ

Scanned by CamScanner

শাস্ত্রেষু উপক্রমতে (ন প্রতিহন্যতে) ; ভটঃ যুদ্ধায় পরাক্রমতে (উৎসহতে) প্রাজ্ঞে শাস্ত্রাণি উপক্রমন্তে (বর্ধন্তে)।

২২। *আঙ উদ্‌গমনে* (১।৩।৪০)— *জ্যোতিরুদ্‌গমনে ইতি বাচ্যম্* (বা)। চন্দ্রসূর্য প্রভৃতি গ্রহপদার্থের উর্ধ্বগমন বুঝাইলে আঙ্-পূর্বক ক্রম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, **সূর্যঃ আক্রমতে** (উদয়তে ইত্যর্থঃ)। জ্যোতিরুদ্‌গমনে কিম্—**আক্রামতি ধূমো হর্ম্যতলাৎ**। উদ্‌গমনে কিম্? **রবিঃ গিরিম্ আক্রামতি** (অবষ্টভ্নাতি) ; **শত্রুঃ নগরীম্ আক্রামতি** (assails)।

২৩। *বেঃ পাদবিহরণে* (১।৩।৪১)—পাদবিক্ষেপ অর্থে বি-পূর্বক ক্রম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সাধু বিক্রমতে বাজী ; বিষ্ণুস্ত্রেধা বিচক্রমে। পাদক্ষেপ ভিন্ন অর্থে আত্মনেপদ হয় না। যথা, সন্ধিঃ বিক্রামতি (স্ফুটতীত্যর্থঃ); রাজা বিক্রামতি (বিক্রমং তনোতি)।

২৪। *প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্* (১।৩।৪২)—সমর্থৌ তুল্যার্থৌ (শকন্ধ্বাদিত্বাৎ পররূপম্)। **প্রারম্ভে অনয়োঃ তুল্যার্থতা।** 'আরম্ভ করা' অর্থে প্র ও উপ-পূর্বক ক্রম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স বক্তুম্ প্রক্রমতে, বালকঃ পঠিতুম্ উপক্রমতে—আরভতে ইত্যর্থঃ। আরম্ভার্থে কিম্? স পূর্বেদ্যুঃ প্রক্রামতি (গচ্ছতি), অদ্য চ উপক্রামতি (আগচ্ছতি)।

২৫। *অপহ্নবে জ্ঞঃ* (১।৩।৪৪)—'অপলাপ বা অস্বীকার করা' অর্থে জ্ঞা-ধাতুর আত্মনেপদ হয়। যথা,—অধুনা স শতম্ অপজানীতে (অপলপতি)।

(ক) *অকর্মকাচ্চ*—অকর্মক জ্ঞা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সর্পিষো জানীতে—সর্পিষা (করণেন) প্রবর্ততে ইত্যর্থঃ। **'জ্ঞোঽবিদর্থস্য করণে'** ইতি ষষ্ঠী। অত্র জ্ঞাধাতুঃ প্রবৃত্তিবচনঃ।

২৬। *সম্প্রতিভ্যামনাধ্যানে* (১।৩।৪৬)—স্মরণভিন্ন অর্থে সম্ ও প্রতি-পূর্বক জ্ঞা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স শতং সংজানীতে প্রতিজানীতে বা (অঙ্গীকরোতীত্যর্থঃ)। স্মরণার্থে তু—মাতরং মাতুঃ বা সংজানাতি স্মরতি।

Scanned by CamScanner

২৭। ***অনুপসর্গাজ্জ্ঞঃ*** (১।৩।৭৬)—উপসর্গ পূর্বে না থাকিলে কর্তা ক্রিয়ার ফলভাগী বুঝাইতে জ্ঞা-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, নাহং জানে তব মহিমানম্। জানে তপসো বীর্যম্। পরার্থে তু—গাং জানাতি। অনুপসর্গাৎ কিম্? অনুজানীহি মাং গৃহগমনায়। কথং তর্হি—'ইত্থং নৃপঃ পূর্বমবালুলুচে **ততোঽনুজজ্ঞে গমনং সুতস্য'** ইতি ভট্টিঃ? **কর্মণি লিট্,** নৃপেণেতি বিপরিণামঃ।

২৮। ***ভাসনোপসম্ভাষা-জ্ঞান-যত্ন-বিমত্যুপমন্ত্রণেষু বদঃ*** (১।৩।৪৭)—ভাসন প্রভৃতি অর্থে বদ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ভাসনং প্রকাশঃ শোভা। যথা,—স্মৃতৌ মনুঃ বদতে (প্রকাশমানঃ সন্ অর্থং প্রতিপাদয়তি)। উপসম্ভাষঃ **সান্ত্বনা, প্রলোভনম্।** যথা, ক্লিষ্টম্ উপবদতে (সান্ত্বয়তি), শিষ্যম্ উপবদতে (প্রলোভয়তি)। **জ্ঞানম্** যথা, পাণিনিঃ বদতে (বদিতুং জানাতি)। **যত্নঃ** যথা, ক্ষেত্রে বদতে (যত্নং করোতি)। **বিমতিঃ বিরুদ্ধমতিঃ বিবাদঃ। যথা ছাত্রা বিবদন্তে,** শাস্ত্রাণি পরস্পরং বিবদমানানি। উপমন্ত্রণম্ উপচ্ছন্দনম্। যথা, পরনারীম্ উপবদতে (entices away)।

২৯। ***ব্যক্তবাচাং সমুচ্চারণে*** (১।৩।৪৮)—অনেক মনুষ্যের একসঙ্গে উক্তি বুঝাইতে বদ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বালকাঃ সম্প্রবদন্তে (speak simultaneously)। মনুষ্য না হইলে হয় না। যথা,—সম্প্রবদন্তি খগাঃ প্রাতঃ। মিলিতোক্তৌ কিম্? বালকাঃ ক্রমেণ বদন্তি।

(ক) ***অনোরকর্মকাৎ*** (১।৩।৪৯)—মনুষ্য কর্তা হইলে অকর্মক অনু-পূর্বক বদ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—কঠঃ কলাপস্য অনুবদতে (imitates)। অকর্মকাৎ কিম্? উক্তম্ অনুবদতি (repeats what he said before)। **ব্যক্তবাচাং কিম্? অনুবদতি বীণা।**

(খ) ***অপাদ্ বদঃ*** (১।৩।৭৩)—আত্মার্থে অপ-পূর্বক বদ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—ধনার্থী ন্যায়ম্ অপবদতে (forsakes)। পরার্থে তু—অপবদতি।

৩০। ***উদশ্চরঃ সকর্মকাৎ*** (১।৩।৫৩)—সকর্মক উৎ-পূর্বক চর্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—দুর্জনঃ ধর্মম্ উচ্চরতে (উল্লঙ্ঘয়তি), স

Scanned by CamScanner

গুরুবচনম্ উচ্চরতে, ঘনান্ উচ্চরতে রজঃ (উৎক্রম্য গচ্ছতি)। **সকর্মকাৎ কিম্? ধূমঃ উচ্চরতি গৃহাৎ** (rises)।

৩১। ***সমস্তৃতীয়াযুক্তাৎ*** (১।৩।৫৪)—করণকারকে তৃতীয়া বিভক্তি-যুক্ত সম্-পূর্বক চর্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—রাজা রথেন সঞ্চরতে ; ক্বচিৎ পথা সঞ্চরতে সুরাণাম্ (রঘুঃ)। **করণকারকে তৃতীয়া না থাকিলে** আত্মনেপদ **হয় না**। যথা,—পিতা পুত্রেণ সঞ্চরতি, রাজা নদীতীরে সঞ্চরতি।

৩২। ***উপাদ্ যমঃ স্বকরণে*** (১।৩।৫৬)—স্বকরণং স্বীকারঃ। 'স্বীকার করা' অর্থে উপ-পূর্বক যম্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—বরঃ কন্যাম্ উপযচ্ছতে; রামঃ সীতামুপযেমে; রামো বিশ্বামিত্রাৎ অস্ত্রম্ উপযেমে (স্বীচকার); উপায়ংস্ত মহাস্ত্রাণি, উপায়াংসত নাসবম্।

৩৩। ***জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ*** (১।৩।৫৭)—সন্-প্রত্যয়ান্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—ধর্মং জিজ্ঞাসতে ; গুরূন্ শুশ্রূষতে ; মাতরং সুস্মূর্ষতে ; চন্দ্রং দিদৃক্ষতে।

(ক) ***নানোর্জ্ঞঃ***(১।৩।৫৮)—সন্-প্রত্যয়ান্ত অনু -পূর্বক জ্ঞা-ধাতুর উত্তর আত্মনেপদ হয় না। যথা, পিতা পুত্রম্ অনুজিজ্ঞাসতি (wishes to permit).

(খ) (***ন) প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ***(১।৩।৫৯)—সন্-প্রত্যয়ান্ত প্রতি-পূর্বক ও আঙ্-পূর্বক শ্রু-ধাতুর উত্তর আত্মনেপদ হয় না। যথা,—স শতং প্রতিশুশ্রূষতি আশুশ্রূষতি বা (wishes to promise)। কর্মপ্রবচনীয় প্রতি-যোগে আত্মনেপদ হয়। যথা, স দেবদত্তং প্রতি শুশ্রূষতে।

৩৪। ***শদেঃ শিতঃ*** (১।৩।৬০)—শদ্ (শীর্ণ হওয়া, ছেদন করা) ধাতু পরস্মৈপদী হইলেও ইহার উত্তর লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙে আত্মনেপদ হয়। যথা, লট্—শীয়তে বৃদ্ধিমানপি ; লোট্—শীয়তাম্ দুর্গতিঃ সতাম্ ; লঙ্—অশীয়ত নৃমাংসাদাং বক্তৃং সুগ্রীববাধিতম্, বিধিলিঙ্—কো ন শীয়েত চিন্তয়া। কিন্তু লৃট্—শৎস্যতি, লিট্—শশাদ, লুঙ্—অশদৎ, লুট্—শত্তা ইত্যাদি।

৩৫। ***ম্রিয়তেঃ লুঙ্-লিঙোশ্চ*** (১।৩।৬১)—মৃ-ধাতু পরস্মৈপদী হইলেও লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লুঙ্ ও আশীর্লিঙে, ইহার উত্তর আত্মনেপদ

হয়। যথা, লট্—ম্রিয়তে, লোট্—ম্রিয়তাম্, লঙ্—অম্রিয়ত, বিধিলিঙ্—ম্রিয়েত, লুঙ্—অমৃত, আশীর্লিঙ্—মৃষীষ্ট, শানচ্—ম্রিয়মাণ। কিন্তু লৃট্—মরিষ্যতি ; লিট্—মমার ; লুট্—মর্তা, মর্তাসি ; লৃঙ্—অমরিষ্যৎ।

৩৬। *প্রোপাভ্যাং যুজেরযজ্ঞপাত্রেষু* (১।৩।৬৪)—স্বরাদ্যন্তোপসর্গাদিতি বক্তব্যম্। **স্বরাদি ও স্বরান্ত উপসর্গ** (অর্থাৎ নির্, দুর্ ও সম্ ভিন্ন যাবতীয় উপসর্গ) পূর্বে থাকিলে যুজ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়, কিন্তু যজ্ঞপাত্র কর্ম হইলে হয় না। যথা, অরণ্যযানে পিতা মাং প্রযুঙ্ক্তে নিযুঙ্ক্তে বা ; ষাড়্গুণ্যম্ উপযুঞ্জীত; স মৎকর্মণি উদ্‌যুঙ্ক্তে; সাক্ষিণঃ অনুযুঞ্জীত; কার্যে গুরুণ্যাত্মসমং নিযোক্ষ্যে। নেহ ধীরঃ যজ্ঞপাত্রাণি প্রযুনক্তি। কথং '**প্রজাসু বৃত্তিং যমযুঙ্ক্ত** বেদিতুম্' ইত্যত্র কেবলাৎ আত্মনেপদম্। **কর্ত্রভিপ্রায়ে** অত্র আত্মনেপদম্।

৩৭। *ভী-স্ম্যো-র্হেতুভয়ে* (১।৩।৬৮)—প্রযোজক কর্তা যদি ভয় ও বিস্ময়ের কারণ হয়, তাহা হইলে ণিজন্ত ভী ও স্মি ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা,—সর্পঃ শিশুং ভীষয়তে ; জটিলঃ শিশুং বিস্মাপয়তে। প্রযোজক কর্তা ভয়ের কারণ না হইলে আত্মনেপদ হয় না। যথা, স দণ্ডেন মাং ভায়য়তি ; শিশুঃ রূপেণ তং বিস্মায়য়তি।

৩৮। *ভুজোঽনবনে* (১।৩।৬৬)—পালন ভিন্ন অর্থে ভুজ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বানরঃ **ফলং ভুঙ্ক্তে** ; সাধুঃ **সুখং ভুঙ্ক্তে।** পালনার্থে—রাজা **রাজ্যং ভুনক্তি।**

(ক) *সমঃ ক্ষুবঃ* (১।৩।৬৫)—সম্-পূর্বক ক্ষু-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ভটঃ শস্ত্রঃ সংক্ষুতে (শানয়তি ইত্যর্থঃ)।

৩৯। *পূর্ববৎ সনঃ* (১।৩।৬২)—অ-সনন্ত অবস্থায় কোন ধাতুর উত্তর আত্মনেপদ হইলে সনন্ত অবস্থায়ও ঐ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, আস্তে—আসিসিষতে ; বিজয়তে—বিজিগীষতে ; পচতি পচতে—পিপক্ষতি পিপক্ষতে ; ভুঙ্ক্তে—বুভুক্ষতে ; ভুনক্তি—বুভুক্ষতি।

৪০। *আম্প্রত্যয়বৎ কৃঞোঽনুপ্রয়োগস্য* (১।৩।৬৩)—আম্-প্রত্যয়ান্ত ধাতু আত্মনেপদী হইলে অনুপ্রযুক্ত কৃ-ধাতুর উত্তরও আত্মনেপদ



Scanned by CamScanner

হয়। যথা, পলায়তে—পলায়াঞ্চক্রে, দয়তে—দয়াঞ্চক্রে, ঈক্ষ্—ঈক্ষাঞ্চক্রে। কৃঞঃ কিম্? ঈক্ষামাস, ঈক্ষাম্বভূব(১)।

৪১। *ণেরণৌ যৎ কর্ম ণৌ চেৎ স কর্তাঽনাধ্যানে* (১।৩।৬৭)—অণিজন্ত অবস্থায় যাহা কর্ম, ণিজন্ত অবস্থায় তাহা কর্তা হইলে ঐ ণিজন্ত ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, নিষাদী করেণুম্ আরোহতি—করেণুঃ নিষাদিনম্ আরোহয়তে; ভৃত্যা রাজানং পশ্যন্তি—রাজা ভৃত্যান্ (আত্মানং) দর্শয়তে; ভক্তা ভবং পশ্যন্তি—ভবঃ ভক্তান্ (আত্মানং) দর্শয়তে। স্মরণার্থে আত্মনেপদ হয় না। যথা, কোকিলঃ বনং স্মরতি—বনং (কর্তা) কোকিলং (বনং) স্মারয়তি।

৪২। *গৃধি-বঞ্চ্যোঃ প্রলম্ভনে* (১।৩।৬৯)—'বঞ্চনা করা' অর্থে ণিজন্ত গৃধ্ ও বঞ্চ্-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স বটুং গর্ধয়তে বঞ্চয়তে বা (প্রতারয়তি ইত্যর্থঃ)। প্রলম্ভনে কিম্? সঃ সর্পং বঞ্চয়তি (পরিহরতি)।

৪৩। *লিয়ঃ সংমানন-শালীনীকরণয়োশ্চ* (১।৩।৭০)—পূজা, পরিভব ও বঞ্চনা অর্থে ণিজন্ত লী-ধাতুর উত্তর আত্মনেপদ হয়। এখানে লী দ্বারা লিনাতি ও লাতি দুই ধাতুরই গ্রহণ। যথা, সাধুঃ জটাভিঃ লাপয়তে (পূজামধিগচ্ছতীত্যর্থঃ); শ্যেনো বর্তিকাম্ উল্লাপয়তি (অভিভবতি); স শিশুম্ উল্লাপয়তে (প্রতারয়তি) ; অন্যত্র ঘৃতং বিলাপয়তি (দ্রবীকরোতি)।

## শব্দযুগলের পার্থক্য

**আক্রমতি**—আক্রমতি ধূমঃ হর্মতলাৎ (*জ্যোতিঃ পদার্থ ভিন্নের ঊর্ধ্বগমন*)।
**আক্রমতে**—আক্রমতে সূর্যঃ (*জ্যোতিঃ পদার্থের উদয়*)।

**আদত্তে**—হংসো হি ক্ষীরমাদত্তে (*গ্রহণ করে*)।
**আদদাতি**—সিংহ মুখং **ব্যাদদাতি** (*মুখ বিস্তার করে, হাঁ করে,* বি + আদদাতি = ব্যাদদাতি)। **ব্যাদেহি** রে সিংহ, দন্তান্ তে গণয়িষ্যামি।

**আহতে**—বৃদ্ধঃ শোকেন স্বমস্তকমাহতে (*নিজের মস্তকে আঘাত করে*)।
**আহন্তি**—বালকঃ কুক্কুরমাহন্তি (*পরকে আঘাত করে*)।

---

(১) বাচ্যান্তর করিলেই ইহাদের উত্তর আত্মনেপদ হয়। যথা,—শিশুনা চন্দ্রঃ ঈক্ষামাসে ঈক্ষাম্বভূবে বা।

Scanned by CamScanner

# পরস্মৈপদ-বিধান*

১। *শেষাৎ কর্তরি পরস্মৈপদম্* (১।৩।৭৮)—যে সকল ধাতুর উত্তর আত্মনেপদ বিহিত হয় নাই, তাহাদের উত্তর কর্তৃবাচ্যে পরস্মৈপদ হয়। যথা, যাতি, বাতি, প্রবিশতি, বর্ধয়তি। 'শেষাৎ' কিম্? রোচতে, **পুনঃ কর্তৃপদ-গ্রহণং কর্মকর্তৃবাচ্যে পরস্মৈপদ-নিরাসার্থম্**। যথা, বৃক্ষঃ স্বয়মেব ছিদ্যতে।

২। *অনু-পরাভ্যাং কৃঞঃ* (১।৩।৭৯)—অনু ও পরা-পূর্বক কৃ-ধাতুর উত্তর কর্তার আত্মার্থেও পরস্মৈপদ হয়। যথা, স মাম্ অনুকরোতি ; বৃদ্ধো মে আবেদনং পরাকরোতি (rejects)।

৩। *অভি-প্রত্যতিভ্যঃ ক্ষিপঃ* (১।৩।৮০)—কর্তা স্বয়ং ক্রিয়াফলভাগী হইলেও অভি, প্রতি এবং অতি-পূর্বক ক্ষিপ্-ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা, স দানেন কর্ণম্ অভিক্ষিপতি (excels) ; স বেগেন বায়ুং প্রতিক্ষিপতি (surpasses)। স লক্ষ্যম্ অতিক্ষিপতি (throws beyond the mark).

৪। *প্রাদ্বহঃ* (১।৩।৮১)—প্র-পূর্বক বহ্-ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা, নদী প্রবহতি। অতএব সংস্কৃতে **প্রবহমান** শব্দ **অশুদ্ধ**।

৫। *পরের্মৃষঃ* (১।৩।৮২)—পরি-পূর্বক মৃষ্-ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা, স জ্ঞাতিভ্যঃ পরিমৃষ্যতি (ক্রুধ্যতি অসূয়তি বা) ; মঘোনে পরিমৃষ্যন্তং দৈত্যং হন্তি সদা হরিঃ। এই সূত্রে যোগবিভাগ করিয়া কেহ কেহ বলেন যে, পরি-পূর্বক বহ্-ধাতুর উত্তরও পরস্মৈপদ হয়। যথা,—অশ্বঃ রথং পরিবহতি।

৬। *ব্যাঙ্-পরিভ্যো রমঃ* (১।৩।৮৩)—বি, আঙ্ ও পরি-পূর্বক রম্-ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা, ভৃত্যঃ কার্যাৎ বিরমতি (desists) ; এতাবদুক্ত্বা বিররাম (stopped) রামঃ ; বৃদ্ধঃ উদ্যানে আরমতি (takes rest); বালকঃ ক্রীড়ায়াং পরিরমতি (delights)।

* আত্মনেপদ-বিধানে **প্রারম্ভিক অংশ দ্রষ্টব্য**।

Scanned by CamScanner

(ক) *উপাচ্চ* (১।৩।৮৪)—উপ-পূর্বক রম্-ধাতুর উত্তরও পরস্মৈপদ হয়। এই রম্-ধাতু (অন্তর্ভূত-ণ্যর্থ বলিয়া) সকর্মক। যথা, স বালকং ব্যসনাৎ উপরমতি (উপরময়তীত্যর্থঃ)।

(খ) *বিভাষাঽকর্মকাৎ* (১।৩।৮৫)—অকর্মক হইলে উপ-পূর্বক রম্-ধাতুর উত্তর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, স ভোজনাৎ উপরমতি উপরমতে বা ; নিরীক্ষিতুং নোপররাম বল্লরীঃ (উপরেমে বা)।

৭। *বুধ-যুধ-নশ-জনেঙ্-প্রু-দ্রু-স্রুভ্যো ণেঃ* (১।৩।৮৬) —**ফল কর্তৃগামী হইলেও** ণিজন্ত বুধ্, যুধ্, নশ্, জন্, ইঙ্, প্রু (to move), দ্রু (to run) এবং স্রু (to flow)-ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা, সূর্যঃ পদ্মং বোধয়তি ; রাজা সৈনিকান্ যোধয়তি ; জ্ঞানং দুঃখং নাশয়তি ; পাপং দুঃখং জনয়তি ; গুরুঃ শিষ্যান্ অধ্যাপয়তি ; নদী জলং প্রাবয়তি (causes to flow) ; দুঃখং চিত্তং দ্রাবয়তি (causes to melt) ; আঘাতঃ শোণিতং স্রাবয়তি (causes to flow)।

৮। *নিগরণ-চলনার্থেভ্যশ্চ* (১।৩।৮৭)—ক্রিয়াফল **কর্তৃগামী হইলেও** ণিজন্ত ভোজনার্থক ও গমনার্থক ধাতুর উত্তর পরস্মৈপদ হয়। যথা,—মাতা পুত্রং ভোজয়তি ; ধনী দরিদ্রান্ আশয়েৎ ; পবনঃ বৃক্ষপত্রং চলয়তি ; বিপৎ হৃদয়ং কম্পয়তি।

(ক) *অদেঃ প্রতিষেধঃ* (বা)—**ণিজন্ত অদ্-ধাতুর** উত্তর ক্রিয়াফল কর্তৃগামী হইলে **পরস্মৈপদ হয় না**। যথা, স দেবদত্তেন অন্নম্ আদয়তে। ক্রিয়াফল কর্তৃগামী না হইলে পরস্মৈপদ হয়। যথা, স বটুনা অন্নম্ আদয়তি।

৯। *অণাবকর্মকাচ্চিত্তবৎকর্তৃকাৎ* (১।৩।৮৮)—অকর্মক ধাতুর অণিজন্ত অবস্থায় প্রাণী কর্তা থাকিলে, ণিজন্ত অবস্থায় উহার উত্তর পরস্মৈপদ হয়। যথা, শিশুঃ শেতে—মাতা শিশুং শায়য়তি; বালকঃ জাগর্তি—শব্দো বালকং জাগরয়তি। প্রাণী কর্তা না হইলে আত্মার্থে আত্মনেপদ এবং পরার্থে পরস্মৈপদ হয়। যথা, জলং শুষ্যতি—সূর্যঃ জলং শোষয়তে শোষয়তি বা। ধাতু সকর্মক হইলে 'ণিচশ্চ' এই সূত্র অনুসারে আত্মার্থে আত্মনেপদ এবং পরার্থে পরস্মৈপদ হয়।

Scanned by CamScanner

১০। ***ন পা-দম্যাঙ্‌যমাঙ্‌ যস্-পরিমুহ-রুচি-নৃতি-বদ বসঃ*** (১।৩।৮৯)—পা-প্রভৃতি নয়টি ধাতুর উত্তর পূর্ব সূত্রদ্বয়ে প্রাপ্ত পরস্মৈপদ হয় না। ইহাদের মধ্যে **পা-ধাতু নিগরণার্থ** বলিয়া এবং **অন্য কয়েকটি অকর্মক** বলিয়া চিত্তবৎ কর্তায় পরস্মৈপদ প্রাপ্তি হইয়াছিল। নৃত্-ধাতু অকর্মক এবং চলনার্থ। ইহাদের উত্তর আত্মার্থে আত্মনেপদ এবং পরার্থে পরস্মৈপদ হয়। যথা, *আত্মার্থে*—ঘৃতং পায়য়তে ; শত্রুং দময়তে, আয়াময়তে, আয়াসয়তে, পরিমোহয়তে বা ; দুগ্ধং রোচয়তে ; শিশুং নর্তয়তে ; বাদ্যং বাদয়তে ; অতিথিং বাসয়তে। **ধেট উপসংখ্যানম্** (বা)—*আত্মার্থে*—মাতা শিশুং ধাপয়তে ; *পরার্থে*—মাতা শিশুং ধাপয়তি। পরার্থে তু পরস্মৈপদমেব। যথা, বৎসান্ পায়য়তি পয়ঃ ; দময়ন্তী কমনীয়তা মদম্ ; ভিক্ষাং বাসয়তি ইত্যাদি।

১১। ***বা ক্যষঃ*** (১।৩।৯০)—ক্যষ্-প্রত্যয়ান্ত ধাতুর উত্তর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা,—এষঃ লোহিতায়তি লোহিতায়তে বা।

১২। ***দ্যুদ্ভ্যো লুঙি*** (১।৩।৯১)—লুঙ্ বিভক্তিতে দ্যুত্ প্রভৃতি ধাতুর উত্তর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা,—অদ্যুতৎ, অদ্যোতিষ্ট ; অমিদৎ, অমেদিষ্ট ; অস্বিদৎ, অস্বেদিষ্ট ; অরুচৎ, অরোচিষ্ট ; অশুভৎ, অশোভিষ্ট ; অস্রসৎ, অস্রংসিষ্ট ; অবৃতৎ, অবর্তিষ্ট ; অস্যদৎ, অস্যন্দিষ্ট ; অক্৯পৎ, অকল্পিষ্ট ইত্যাদি। দ্যুত্, মিদ্, স্বিদ্, রুচ্, শুভ্, ক্ষুভ্, স্রন্‌স্, ভ্রন্‌শ্, বৃত্, বৃধ্, স্যন্দ্ প্রভৃতি **বাইশটি ধাতু দ্যুতাদি।**

১৩। ***বৃদ্ভ্যঃ স্য-সনোঃ*** (১।৩।৯২)—স্য (লৃট্) এবং সন্-প্রত্যয়েও বৃত্, বৃধ্ ও স্যন্দ্ ধাতুর উত্তর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, বৃত্— **বর্ৎস্যতি, বর্তিষ্যতে** ; বিবৃৎসতি, বিবর্তিষতে ; বৃধ্—বর্ৎস্যতি, বর্ধিষ্যতে ; বিবৃৎসতি, বিবর্ধিষতে ; স্যন্দ্—স্যান্ত্স্যতি, স্যন্দিষ্যতে ; সিস্যান্ত্সতি, সিস্যন্দিষতে।

১৪। ***লুটি চ ক্৯পঃ*** (১।৩।৯৩)—স্য (লৃট্), সন্ ও লুট্-প্রত্যয়ে ক্৯প্-ধাতুর উত্তর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, কল্প্স্যতি, কল্পিষ্যতে ; চিক্৯প্সতি, চিকল্পিষতে ; কল্প্তাসি, কল্পিতাসে।

Scanned by CamScanner

Dr. Lahiri & Sastri সম্পাদিত 'পাণিনীয়ম্' ' A Higher Sanskrit Grammar &Composition' গ্রন্থ থেকে ছাত্র–ছাত্রীদের কিছু তথ্য দিতে পেরে আমি মাননীয় সম্পাদকের কাছে চির কৃতজ্ঞ।

Scanned by CamScanner